

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১৬.২০২১. ৫৯৯

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৮
২৪ অক্টোবর ২০২১

কারণ দর্শানোর নোটিশ


যেহেতু, আপনি জনাব নিজাম উদ্দীন (৯৭৮৯), সহযোগী অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-কে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ২০/০৯/২০১৬ খ্রিষ্টাব্দের ৩৭.০০.০০০০.০৬৯.১৯.০৩০.১৬-৬৮৯ নং স্মারক অনুযায়ী বাংলাদেশে অবস্থিত "Integrated Development Foundation (IDF)" নামক প্রতিষ্ঠানে "Director-Cum-Chief Executive officer" পদে ০১/০৮/২০১৬ খ্রি. হতে ০৩ (তিন) বছর অথবা দায়িত্বভার হস্তান্তরের তারিখ হতে ০৩ (তিন) বছরের লিয়েন মঞ্জুর করা হয়;

যেহেতু, আপনার লিয়েনের মেয়াদ ২৫/০৯/২০১৯ খ্রিষ্টাব্দে শেষ হওয়া সত্ত্বেও অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন;

যেহেতু, সরকারি কর্মচারি লিয়েন বিধিমালা, ২০২১-এর ১১(ঘ) অনুযায়ী মোট লিয়েনকাল যদি একাদিক্রমে ৫(পাঁচ) বৎসর অতিক্রম করে তবে, ৫(পাঁচ) বৎসর অতিক্রমের তারিখ হতে সরকার বিশেষ বিবেচনায় অন্যরূপ কোনো সিদ্ধান্ত গ্রহণ না করলে বাংলাদেশ সার্ভিস রুলস (বি.এস.আর) পার্ট-১ এর বিধি ৩৪ অনুযায়ী সংশ্লিষ্ট সরকারি কর্মচারীর সরকারি চাকরির অবসান হবে এবং উক্ত চাকরির সাথে তাঁর সকল সম্পর্ক স্বয়ংক্রিয়ভাবে ছিন্ন হবে;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনি একনাগাড়ে দীর্ঘ ০৫ (পাঁচ) বছরের অধিককাল চাকরি থেকে অনুপস্থিত রয়েছেন এবং যা, সরকারি চাকরি শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী;

সেহেতু, গত ২৬/০৯/২০১৬ খ্রি. হতে অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে বি.এস.আর. পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী কেন আপনাকে সরকারি চাকরি হতে অবসান (Ceases to be in Government employ) হিসেবে আদেশ জারি করা হবে না, তাঁর জবাব এ আদেশ প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো।


(মোঃ মাহবুব হোসেন)
সচিব

স্থায়ী ঠিকানা:

জনাব নিজাম উদ্দীন

পিতা: মরহুম এনায়েত আলী চৌধুরী

গ্রাম- পদুয়া, থানা-সাতকানিয়া, জেলা-চট্টগ্রাম।

বর্তমান ঠিকানা:

জনাব নিজাম উদ্দীন (৯৭৮৯)

সহযোগী অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।